



আর্জেন্টাইন ইয়ংস্টারের শেষ মুহূর্তের গোলে ক্লাব বিশ্বকাপে ইন্টার মিলানের নাটকীয় জয়।



সংগৃহীত ছবি

সিয়াটল, ২১ জুন ২০২৫ – দ্বিতীয়ার্ধের অতিরিক্ত সময়ের দ্বিতীয় মিনিটে ভ্যালেন্সিন কার্বোনির নাটকীয় গোলে ২-১ গোলের জয়ের দেখা পেয়েছে ইন্টার মিলান। এটি ক্লাব বিশ্বকাপের চলমান আসরে ইন্টার মিলানের প্রথম জয়।

গ্রুপ 'ই'-র এই ম্যাচে শুরুতেই পিছিয়ে পড়ে ইতালিয়ান জায়ান্টরা। ম্যাচের ১১তম মিনিটেই উরাওয়া রেড ডায়মন্ডসের ওয়াতানাভে চমৎকার এক গোল করে জাপানিদের এগিয়ে দেন। তিনি প্রতিপক্ষ ডিফেন্ডারের পা স্পর্শ করে বল পাঠিয়ে দেন ইন্টার গোলরক্ষক ইয়ান সোমারের বিপরীত দিকে, যা ইন্টারকে চাপে ফেলে দেয়।

প্রথমার্ধজুড়ে ইন্টার আধিপত্য দেখালেও কোনো কার্যকর শট নিতে পারেনি। পুরো ম্যাচে ইন্টারের ২৬টি শটের মধ্যে অন টার্গেট শট ছিল মাত্র ৪টি। অপরদিকে, উরাওয়া রেড ডায়মন্ডস মাত্র ৫টি শট নেয় এবং তিনটি অন টার্গেট ছিল।

৭৮তম মিনিটে ইন্টার অধিনায়ক লওতারো মার্টিনেজ কর্নার কিক থেকে চমৎকার এক ভলির মাধ্যমে গোল করে সমতা আনেন। এটি ছিল তার চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ২৪তম গোল।

ম্যাচ যখন ড্রয়ের দিকে এগিয়ে যাচ্ছিল, তখনই অতিরিক্ত সময়ে (৯২তম মিনিটে) আর্জেন্টাইন ইয়ংস্টার কার্বোনির দুর্দান্ত গোলে ইন্টার পূর্ণ তিন পয়েন্ট এবং পয়েন্ট টেবিলের শীর্ষস্থান নিশ্চিত করে।

এই জয়ে ইন্টার মিলান ৪ পয়েন্ট নিয়ে আর্জেন্টাইন ক্লাব রিভার প্লেটের ওপরে অবস্থান করছে। অন্যদিকে, উরাওয়া রেড ডায়মন্ডস টানা দুই হারের ফলে এখনও পয়েন্টের দেখা পায়নি এবং গ্রুপ পর্ব থেকে তাদের বিদায় একপ্রকার নিশ্চিত।